



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সরকারি কার্য ভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম
dot.chittagongdiv.gov.bd

ডিসেম্বর/২০২৩ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	ইঞ্জি: ফারুক আহম্মদ উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৮ অক্টোবর ২০২৩ খ্রিঃ
সভার সময়	বিকাল ০৩.০০ ঘটিকায়।
স্থান	৩৯৫ নং কক্ষ, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
উপস্থিতি	অনলাইন প্লাটফর্ম

বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত ডিসেম্বর/২০২৩ খ্রিঃ মাসের সমন্বয় সভায় সভাপতি জনাব ইঞ্জি: ফারুক আহম্মদ সভার শুরুতে সকলের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। তারপর তিনি এসিআর পূরণকৌশল এবং ১ম শ্রেণীর এসিআরসহ ১০ম-১২তম গ্রেড, ১৩তম-১৬তম গ্রেড এবং ১৭তম-২০তম গ্রেডের আলাদা আলাদা এসিআর নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এরপর তিনি টিভিআইসমূহের ভর্তি কার্যক্রম, নবম শ্রেণীর পরীক্ষা সংক্রান্ত বিষয়ে অগ্রগতি জানতে চান। সকল টিভিআই এর প্রধানগণ তাদের প্রতিষ্ঠানের ভর্তি ও পরীক্ষা সংক্রান্ত বিষয়গুলোর অগ্রগতি উপস্থাপন করেন।

পরবর্তীতে অত্র কার্যালয়ের সহকারী পরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট জনাব মো: আলী আহাব রাখা টিভিআইসমূহের সুপারিনটেনডেন্টকে এপিএ, শুদ্ধাচার, সিটিজেন চার্টার, জিআরএস, তথ্য অধিকার ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে দ্বিতীয় কোয়ার্টারের সকল প্রতিবেদন সঠিক সময়ে প্রমাণকসহ প্রেরণ করতে অনুরোধ জানান।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহঃ

- ১। টিভিআইসমূহ হতে এপিএ, শুদ্ধাচার, জিআরএস, সিটিজেন চার্টার, তথ্য অধিকার ও ইনোভেশন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক ও ষাণ্মাসিক প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) আগামী ১৫/০১/২০২৪ খ্রি: তারিখের মাঝে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো;
- ২। টিভিআইসমূহ হতে এসিআর-২০২৩ পূরণ করে ২০/০১/২০২৪ খ্রি: তারিখের মাঝে অত্রকার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো;
- ৩। টিভিআইসমূহ হতে এপিএ ২০২৩-২৪ এর চুক্তি মোতাবেক নবম শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যার লক্ষ্যমাণ পূরণ করা;
- ৪। টিভিআইসমূহ হতে ন্যূনতম ০১টি উদ্ভাবনী ধারণা TCV analysis সহ পূরণপূর্বক ১০/০১/২০২৪ খ্রি: তারিখের মাঝে অত্রকার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো;
- ৫। টিভিআইসমূহ হতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত প্রমাণক আগামী ০৩/০১/২০২৪ খ্রি: তারিখের মাঝে অত্র কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং
- ৬। এপিএ-তে কাঁচামাল ব্যবহারের প্রত্যয়ন (মেইলকৃত স্প্রেডশিট) ০৩/০১/২০২৪ খ্রি: তারিখের মাঝে পূরণ করে বিভাগীয় কার্যালয়কে অবহিক করার সিদ্ধান্ত প্রদান করা হলো।

সর্বশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



০২-০১-২০২৪

ইঞ্জি: ফারুক আহম্মদ

উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

১৮ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ০২ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৪.০২.২০০০.০১০.৯৯.১৩৪.২২.২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সুপারিনটেনডেন্ট, সকল টিভিআই;
- ২। সকল কর্মকর্তা/কর্মচারী, বিভাগীয় বন্দ্র অধিদপ্তর, চট্টগ্রাম এবং
- ৩। জনাব মো: শরিফ, পরিদর্শক (কারিগরি), অত্র কার্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



০২-০১-২০২৪

মোঃ আলী আহাব রাখা

সহকারী পরিচালক (কারিগরি)